



শৃঙ্খলা এবং গালাগালী নীতিমালা Discipline & Abusive Policy

পলিসি বাস্তবায়ন করবেনঃ এইচ আর এন্ড কসপ্লায়েন্স বিভাগ।	পলিসি বাস্তবায়নের তারিখঃ ০৩-১১-২০১৯ ইং পলিসি পুনঃ মূল্যায়নের তারিখঃ ০২-১১-২০২০ ইং
--	--

রাইদা কালেকশনস লিমিটেড এর কর্তৃপক্ষ মনে করে, শ্রমিকদের এবং কোম্পানীর শৃঙ্খলার জন্য একটি সুস্পষ্ট নীতিমালা থাকা প্রয়োজন। এতে করে সকলের মধ্যে সৌহার্দপূর্ণ মনোভাব সৃষ্টি হবে এবং প্রোডাকশন, মান অনুযায়ী বৃদ্ধি পাবে। শ্রমিকগণ সুন্দর এবং সুশৃঙ্খল পরিবেশে কাজ করতে পারবে, যাহার ফলস্বরূপে কোম্পানির সুনাম উত্তর-উত্তর বৃদ্ধিপাবে।

যে সকল কাজ করা যাবে নাঃ-

১. কোন শ্রমিককে শারীরিকভাবে নির্যাতন করা যাবে না।
২. কোন শ্রমিককে যৌন নির্যাতন করা যাবে না।
৩. যে কোন কারনেই হোক, কোন শ্রমিককে খারাপ ভাষায় গালাগালি করা যাবে না।
৪. শ্রমিকদের সহিত বা ফ্লোরে চীৎকার চেচামেচি করা যাবে না।

ঘটনা ঘটলে করণীয় বিষয়ঃ-




- ১) যদি কোন শ্রমিককে শারীরিকভাবে নির্যাতন করা হয় তাহলে উক্ত ব্যক্তির বিরুদ্ধে শ্রমআইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এমনকি চাকুরি হতে বহিষ্কার করা হতে পারে তদন্ত সাপেক্ষে।
- ২) যদি কোন শ্রমিককে যৌন নির্যাতন করা হয় এবং এর সত্যতা প্রমানিত হয়, তাহলে অপরাধীর বিরুদ্ধে শ্রমআইন অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে, এমনকি চাকুরি হতে বহিষ্কার করা হতে পারে।
- ৩) কোন শ্রমিককে খারাপ ভাষায় গালাগালি করলে সেটা অভিযোগ আকারে লিপিবদ্ধ করিয়া, সত্যতা যাচাই করে অপরাধীর বিরুদ্ধে শ্রমআইন অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪) কোন কর্মকতা অযথা শ্রমিকদের সহিত ধমক, চীৎকার, চেচামেচি করলে তাহার বিরুদ্ধে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সতর্ক করে দেওয়া হবে, যাহাতে ভবিষ্যতে এমন ঘটনা না ঘটে।



এ ছাড়া প্রত্যেক ফ্লোরে নোটিশ বোর্ডে লিখিত আকারে অভিযোগ পদ্ধতি দেওয়া আছে। যদি কোন শ্রমিকের সহিত উল্লেখিত যে কোন আচরন করা হয়, তাহলে উক্ত শ্রমিক লিখিত অথবা মৌখিকভাবে ঘটনার সঠিক সমাধানের জন্য কারখানার কমপ্লায়েন্স বিভাগ অথবা ওয়েলফেয়ার অফিসারকে জানাতে পারবেন। সবশেষে সমাধান যদি সঠিক মনে না হয় তাহলে পরবর্তিতে উক্ত শ্রমিক মহা ব্যবস্থাপক এমনকি পরিচালককে জানাতে পারবে। সঠিক সমাধান নাম, পদবী, সেকশন, উল্লেখ পূর্বক অভিযোগ রেজিস্টারে লিপিবদ্ধ করা হবে।

*** উপরে উল্লেখিত সকল বিষয়ে সকল কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদেরকে মেনে চলার জন্য নির্দেশ দেওয়া হইলো।

সংগঠক : শৃঙ্খলা এবং গালাগালী সংক্রান্ত যে কোন বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ক্ষমতা প্রদান করে চীফ-কো-অর্ডিনেটর ও ওয়েল ফেয়ার অফিসার কে দায়িত্ব প্রদান করা হল।

		
প্রস্তুত কারীর স্বাক্ষরঃ	যাচাইকারীর স্বাক্ষরঃ	অনুমোদনকারীর স্বাক্ষরঃ
এইচ আর বিভাগ	জিএম (এইচ আর এন্ড কমপ্লায়েন্স)	চীফ কো- অর্ডিনেটর